

অধ্যক্ষ,  
বাংলাদেশ হেলথ প্রফেশনস ইনস্টিটিউট  
সি.আর.পি. চাপাইন,  
সাভার, ঢাকা-১৩৪৩।

বিষয় :- ২০২২ সনের ফেব্রুয়ারি মাসের বি.এসসি ইন অকুপেশনাল থেরাপী পরীক্ষার ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসংগে।

জনাব,

২০২২ সনের ফেব্রুয়ারি মাসের বি.এসসি ইন অকুপেশনাল থেরাপী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক আপনার ইনস্টিটিউটের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস বিনা বিলম্ব ফিসে আগামী ২৮/০২/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.ducmc.com](http://www.ducmc.com)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৮/০২/২০২৩ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

#### পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

ক)	প্রতি বিষয়ের জন্য পরীক্ষার ফিস-----	৭০০/০০ টাকা(অকুপেশনাল), ৮০০/- (স্পিচ এন্ড ল্যাংগুয়েজ)।
খ)	প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----	৪৫০/০০ টাকা।
গ)	রিটেনশন ফিস-----	৭৫০/০০ টাকা।
ঘ)	কেন্দ্র ফিস-----	৭৫০/০০ টাকা।
ঙ)	এন্ট্রি ফরম-----	১০০/০০ টাকা।
চ)	নন কলেজিয়েট ফি-----	২,২৫০/০০ টাকা।
ছ)	সাময়িক সনদ ফি (৪র্থ বর্ষ এর ক্ষেত্রে প্রযোজ্য)-----	২০০/০০ টাকা।

ফরওয়ার্ডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রিফরমের মূল্য বাবদ ১০০(একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **Controller of Examinations (A/C-33011288)** শিরোনামে অত্র অফিসে জমা দিতে হইবে। ফিসের টাকা “**Fees from the Constituent College**” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।


আপনার বিশস্ত  
স্বাক্ষর/-  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং- ১৫২৪/মে.সে./প./৩৩৫

তারিখঃ ১৬/০২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।